

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়  
বীরগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং ৫১.০১.২৭১২.০০০.৪১.০০২.২০-

৫৪

তারিখঃ ২১/০৭/২০২০ খ্রিঃ

-: নিলাম বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অফিসার্স ক্লাব, বীরগঞ্জ এর পুরাতন ডেউটিন বিক্রয়ের জন্য প্রকাশ্যে নিলাম ডাকের ব্যবস্থা করা হয়েছে। আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণকে আগামী ২৩/০৭/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অফিসার্স ক্লাব, বীরগঞ্জ প্রাঙ্গণে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তিকে ডাকের সমুদয় অর্থ জমা প্রদান সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে। নির্ধারিত সময়ের পরে কেউ ডাকের আগ্রহ প্রকাশ করলে তা গ্রহণযোগ্য হবে না।

আগ্রহী ব্যক্তিগণকে পূর্বেই অফিসার্স ক্লাব, বীরগঞ্জ এর পুরাতন ডেউটিন পরিদর্শন করে নেয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় কার্যাদেশ প্রাপ্তির পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**শর্তাবলীঃ**

- ০১। নিলামে অংশগ্রহণকারী দরদাতাগণকে প্রতি দরদাতা ১০০০০/- (দশ হাজার) টাকা হারে জামানত হিসাবে জমা প্রদান করে নিলামে অংশগ্রহণ করতে হবে।
- ০২। নিলামে অংশগ্রহণকারী দরদাতাগণকে নিলামে বিক্রিতব্য মালামালের অবস্থান, মালামালের ধরণ ও সম্ভাব্য দর অবহিত হয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে। অন্যথায় চূড়ান্ত দরদাতা নির্বাচিত হওয়ার পরে নির্ধারিত সময়ের মধ্যে কার্যাদেশ গ্রহণে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত বলিয়া গন্য হবে।
- ০৩। নিলামে অংশগ্রহণকারী চূড়ান্ত দরদাতা নির্বাচিত হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে সমুদয় অর্থ উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর বরাবরে বিডি/পে-অর্ডার আকারে এককালিন জমা প্রদান পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- ০৪। কার্যাদেশ গ্রহণের পর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিলামে গ্রহণকৃত মালামাল চূড়ান্ত দরদাতা কর্তৃক নিজ খরচে কার্য স্থান হতে স্থানান্তর করতে হবে। অন্যথায় মালামাল বাজেয়াপ্ত বলিয়া গন্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম বিজ্ঞপ্তি বাতিল ও গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ ছানাউল্লাহ)

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

ও

আহবায়ক

উপজেলা নিলাম কমিটি

বীরগঞ্জ, দিনাজপুর।

**অনুলিপি:** সদয় অবগতি ও বহল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

০১. জেলা প্রশাসক, দিনাজপুর।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
০৪. সহকারী কমিশনার (ভূমি), বীরগঞ্জ, দিনাজপুর।
০৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
০৬. উপজেলা সমবায় কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
০৭. জনাব .....।
০৮. সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বীরগঞ্জ, দিনাজপুর, তাকে ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৯. নোটিশ বোর্ড, ..... অফিস, বীরগঞ্জ, দিনাজপুর।
১০. অফিস কপি।